



Special  
Olympics  
Bangladesh

আমরাও পারি  
We Can

# Family Health Forum Program



১৫ জুন ২০২৬ তারিখে বাংলাদেশ বিমান বাহিনীর Blue Sky স্কুলে স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের উদ্যোগে একটি প্রাণবন্ত ফ্যামিলি হেলথ ফোরাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিমান বাহিনী স্কুলের সম্মানিত প্রিন্সিপাল গ্রুপ ক্যাপ্টেন নূর উল্যাহ। এছাড়াও উপস্থিত ছিলেন এ্যাডজুডেন্ট স্কোয়াড্রন লিডার মারইয়াম আক্তার এবং স্পেশাল অলিম্পিকস বাংলাদেশের ন্যাশনাল ডিরেক্টর জনাব ফারুকুল ইসলাম।

অনুষ্ঠানে পরিবার সদস্যদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে “Healthy Eating for Families” এবং “Diabetes Prevention & Management” বিষয়ক গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন যথাক্রমে বিশিষ্ট পুষ্টিবিদ মিসেস সোমাইয়া সিরাজী এবং ডা. শেখ সাইদুজ্জামান।



ফ্যামিলি হেলথ ফোরামের পাশাপাশি পরিবার সদস্যদের আরও সক্রিয়ভাবে সম্পৃক্ত করতে একটি Young Athletes Demonstration Program আয়োজন করা হয়, যা উপস্থিত সকলের মাঝে ব্যাপক উৎসাহ ও আনন্দের সৃষ্টি করে।

অনুষ্ঠানে Blue Sky স্কুলের শিশুদের অভিভাবকদের পাশাপাশি বিভিন্ন পেশাজীবী, স্বেচ্ছাসেবক এবং কমিউনিটির সদস্যরা অংশগ্রহণ করেন। এই আয়োজন পরিবারভিত্তিক স্বাস্থ্য শিক্ষা, সচেতনতা বৃদ্ধি এবং বুদ্ধিপ্রতিবন্ধী শিশু ও তাদের পরিবারের জন্য একটি আরও অন্তর্ভুক্তিমূলক ও স্বাস্থ্যকর সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

